বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩২৪

তারিখ: ২১ আশ্বিন , ১৪২৯ বঙ্গাব্দ
০৬ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৪১ তম কমিশন সভা অদ্য ০৬/১০/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

কমিশন অদ্যকার সভায়, Dhaka Bank Limited এর ২০০ (দুইশত) কোটি টাকার Unsecured, Contingent Convertible, Floating rate, Perpetual bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ১৮০ (একশত আশি) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং অবশিষ্ট ২০ (বিশ) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% (Floor) থেকে ১০% (Ceiling) যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Dhaka Bank Limited এর Additional Tier-১ মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। প্রাইভেট প্লেসমেন্ট ও পাবলিক অফারের ক্ষেত্রে এই বন্ডের ন্যুনতম সাবস্ক্রিপশন যথাক্রমে ৫০,০০০,০০০ (পাঁচ কোটি) টাকা ও ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে IDLC Investments Limited। বন্ডটির Issue Manager, Underwriter ও Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited।

06-10-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র